মুজিবনগরে উপজেলা প্রশাসনের মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগর উপজেলা প্রশাসনের আয়োজনে মাসিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম এর সভাপতিত্বে এ সভা অনুষ্ঠিত হয়।

মাসিক সাধারন সভায় উপস্থিত নিজ নিজ দপ্তরের কার্যকম তুলে ধরেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ মিজানুর রহমান, উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর মেডিকেল অফিসার সুরাইয়া শারমিন পুষ্প, উপজেলা প্রকৌশলী ইঞ্জিনিয়ার খালিদ হোসেন, জনস্বাস্থ্য প্রকৌশল অফিসার জাহাঙ্গীর আলম, উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসান, মহিলা বিষয়ক কর্মকর্তা সেলিম রেজা, ফায়ার সার্ভিস কর্মকর্তা শাহজাহান আলী, আনসার ও ভিডিপি কর্মকর্তা ফজলে রাব্বি, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডা: হারেছুল আবেদ, যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, মুজিবনগর প্রেসক্লাবের সহ-সভাপতি খায়রুল বাশার। এ সময় উপজেলার সকল অধিদপ্তরের অফিসারবৃন্দ তাদের নিজ নিজ বিভাগের কাজের রিপোর্ট পেশ করেন।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার খায়রুল ইসলাম বলেন যে উপজেলা পরিষদের সমস্ত সেবা গুলি আমরা দিচ্ছি তা যেন স্বচ্ছ এবং নিরপেক্ষ হয়। যারা সমাজে কাজ করছে তাদের সমন্বয়ে কাজগুলো করার জন্য বিভিন্ন কর্মকর্তাকে অনুরোধ করেন।

মেহেরপুরের আমদহ ইউনিয়ন পরিষদে

ওয়াচ গ্রুপের পাবলিক হেয়ারিং সভা অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন, সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা, ঝরেপড়া রোধ এবং বিদ্যালয়কে শিশুবান্ধব পরিবেশ তৈরি করতে আজ সোমবার সকাল ১১ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদে বাৎসরিক কাজের অগ্রিগতি শেয়ারিং ও সংশোধিত পরিকল্পনা বিষয়ক পাবলিক হেয়ারিং সভা অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ আমদহ ইউনিয়নের সভাপতি মোঃ ইসমাইল হোসেনের সভাপতিত্বে প্রধান আলোচক ছিলেন মানব উন্নয়ন কেন্দ্র মউক এর নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

বিশেষ অতিথি ছিলেন পৌর কাউন্সিলর আব্দুর রহিম ও আমদহ ইউনিয়নের চেয়ারম্যান রওশন আলী টোকন।

প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে প্রধান আলোচক আসাদুজ্জামান সেলিম তার বক্তব্যে বলেন সরকারের পাশাপাশি মউক ও গণসাক্ষরতা অভিযান মূলত মহান উদ্দেশ্য নিয়ে কাজ করছে। এসডিজি ৪- শিক্ষানীতি বাস্তবায়নে যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা ও মান উন্নয়নের করণীয় বিষয়গুলো তুলে ধরতে গিয়ে বলেন বিদ্যালযের জাতীয় পতাকা ও জাতীয় সংগীত সহ শরীর চর্চা ও কিছু নীতি বাক্য জানা আবশ্যক শুধু তাই নয় পাঠ্য বইয়ের বাইরে ও শিক্ষা সহায়ক, শিক্ষাউপকরণ সামগ্রী ও আনন্দ বান্ধব পরিবেশের মধ্যে শিক্ষার্থীদের শিক্ষাদান পরিকল্পনা করার অনুরোধ করেন। বিশেষ করে ৩য় হতে ৫ম শ্রেণীর শিক্ষার্থী প্রত্যেক বিষয়ের ২/৪ টি বাক্য নিজের মত করে লিখতে পারবে এমন ভাবে পাঠদানের পরিকল্পনা করে তা বাস্তবে রুপ নেওয়ার ব্যবস্থা গ্রহন করতে হবে। পরিশেষে প্রতি বছর ৫%হারে ঐ দক্ষতার সংখ্যা বৃদ্ধি পাবে। সুতরাং বিদ্যালয়ের সঙ্গে জড়িত যারা আছি বা আছেন সকলের এ ব্যপারে সহায়তা করতে হবে। বিদ্যালয়ের পরিবেশ সাজসজ্জা ও শ্রেণী কক্ষগুলো শিশুদের আনন্দের সহায় হবে। তবে শিশুরা স্বানন্দে বিদ্যালয়ে আসতে আগ্রহী হবে।

ইউুপ সদস্য রেজাউল করিম বলেন এটা এক দিন সম্ভব নয় তবে ধাপে ধাপে

পরিকল্পনা করে তা বাস্তবে রুপ দিতে হবে। তবে এক্ষেত্রে শিক্ষকের বড় ভূমিকা থাকতে হবে।

এ সময় আরো বক্তব্য রাখেন ওয়াচ গ্রুপের সহ সভাপতি মীর ফারুক হোসেন। এছাড়া অনুষ্ঠানে আমদহ ইউনিয়নের সূশীল সমাজের নাগরিক, ওয়াচ গ্রুপের সদস্য সহ আমদহ এবং আমঝুপি ইউনিয়নের জনপ্রতিনিধগন উপস্থিত ছিলেন।

মেহেরপুরের আমদহ ইউনিয়নে শিক্ষা বিষয়ক এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত

প্রাথমিক শিক্ষার মান উন্নয়ন,সবার জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করা,ঝরেপড়া রোধ এবং বিদ্যালয়কে শিশুবান্ধব পরিবেশ তৈরি করতে আজ সোমবার সকাল ৯ টার দিকে মেহেরপুর সদর উপজেলার আমদহ ইউনিয়ন পরিষদের হলরুমে কমিউনিটি ভিত্তিক শিক্ষা বিষয়ক প্রধান প্রধান সমস্যা চিহ্নিতকরণ ও সমস্যা নিরাসনে স্থানীয় ভাবে তথ্য সংগ্রহ এবং করণীয় বিষয়ক এ্যাডভোকেসী সভা অনুষ্ঠিত হয়।

গণসাক্ষরতা অভিযানের সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) ও কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এই অনুষ্ঠানের আয়োজন করে।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ আমদহ ইউয়িনের সহ-সভাপতি মীর ফারুক হোসেনের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের সভাপতি মো: ইসমাইল হোসেন। প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য নিয়ে বক্তব্য রাখেন অনুষ্ঠানের প্রোগ্রাম ম্যানেজার কাজল রেখা।

সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন যুব সদস্য ইয়াসমীন। এরপর পরিচয় পর্বের মধ্য দিয়ে অনুষ্ঠান শুরু হয়।

এ সময় আরো বক্তব্য রাখেন ইয়ুথ সদস্য ওয়াহিদ ইসলাম, ওয়াচ সদস্য সিরাজুল হক সহ আরো অনেকেই।

এছাড়া অনুষ্ঠানে আমদহ ইউনিয়নের যুব সদস্য,সূশীল সমাজের নাগরিক, ওয়াচ গ্রুপের সদস্য সহ আমদহ ইউনিয়নের জনপ্রতিনিধগন উপস্থিত ছিলেন।

গাংনীতে জামায়াতের যুব বিভাগের উদ্যোগে র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত

গাংনীতে জামায়াতে ইসলামীর যুব বিভাগের উদ্যোগে বিশাল র্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী পৌর যুব বিভাগের উদ্যোগে আজ শনিবার (২১ ডিসেম্বর) বিকালে এই র্যালিটি গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর কার্যালয় থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক ও হাসপাতাল চত্তর ঘুরে গাংনী বড়বাজার শহীদ আবু সাঈদ চত্বরে এসে শেষ হয়।

র্যালি শেষে আয়োজিত সংক্ষিপ্ত সমাবেশে সভাপতিত্ব করেন গাংনী পৌর যুব বিভাগের সভাপতি মোঃ জয়নাল আবেদীন।

সমাবেশ প্রধান অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা যুব বিভাগের সেক্রেটারি মজনুল হক লিপটন।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন, গাংনীয় উপজেলা যুব বিভাগের সভাপতি মোঃ আবু সায়েম, গাংনী পৌর জামায়াতের সেক্রেটারি ওয়াস কুরুনি জামিল, উপজেলা জামাতের বাইতুল মাল সম্পাদক শামসুল হুদা।

এসময় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, গাংনী পৌর যুব বিভগের সেক্রেটারি যুব বিভাগের রওশন মাহমুদ, পৌর জামাতের চার নম্বর ওয়ার্ড সভাপতি হাফেজ সাইফুল্লাহ, ৭ নম্বর ওয়ার্ড জামায়াতের সভাপতি হাসান সাঈদ সরোয়ার প্রমুখ।

আগামীকাল রবিবার ২২ ডিসেম্বর গাংনী উপজেলা জামায়াতে ইসলামীর কর্মী সমাবেশ উপলক্ষে এই র্যালির আয়োজন করে জামায়াতে ইসলামীর

যুব সংগঠনটি।

এদিকে কর্মী সম্মেলনের নির্ধারিত স্থান গাংনী ফুটবল মাঠটি পরিদর্শন করেছেন জামায়াত নেতৃবৃন্দ।

বিকালে গাংনী উপজেলা জামায়াতের আমীর ডাক্তার মো: রবিউল ইসলাম, জেলা জামায়াতের সূরা সদস্য সাবেক উপজেলা চেয়ারম্যান নাজমুল হুদা, পৌর জামায়াতের আমীর আহসানুল হক, উপজেলা জামায়াতের বায়তুল মাল সম্পাদক জিল্লুর রহমানসহ অন্যান্য নেতৃবৃন্দ এসময় উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, দীর্ঘ ১৭ বছর পর জামায়াতে ইসলামীর উদ্যোগে গাংনীতে রাজনৈতিক কর্মসূচী পালন করতে যাচ্ছে দলটি। কর্মী সম্মেলনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও যশোর- কুষ্টিয়া অঞ্চল পরিচালক মোবারক হোসাইন। বিশেষ অতিথির বক্তব্য রাখবেন মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজ উদ্দিন খানসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ।

মেহেরপুরে আইবিডব্লিউএফ’র মত বিনিময় সভা অনুষ্ঠিত

মেহেরপুরের গাংনীতে ইন্ডাস্ট্রিয়ালিস্টস এন্ড বিজনেসম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন (আইবিডব্লিউএফ) গাংনী উপজেলা শাখা আয়োজিত মত বিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার সকালে মেহেরপুরের গাংনী বাজার সিঙ্গার শো রুমে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

গাংনী উপজেলা আইবিডব্লিউফ এর সভাপতি ফকির মোহাম্মদের সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন আইবিডব্লিউএফ এর মেহেরপুর জেলা শাখার উপদেষ্টা ও বাংলাদেশ জামায়াতে ইসলামী মেহেরপুর জেলা আমীর মাওলানা তাজ উদ্দিন খান।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন জেলা আইবিডব্লিউএফ এর সভাপতি খালিদ মোঃ সাইফুল ইসলাম, জেলা সেক্রেটারি মোঃ সাজ্জাদুল ইসলাম পলাশ।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী গাংনী উপজেলা আমীর ও আইবিডব্লিউএফ উপদেষ্টা ডাঃ মোঃ রবিউল ইসলাম, আইবিডব্লিউএফ এর সাবেক জেলা সভাপতি ও বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা কর্মপরিষদ সদস্য নাজমুল হুদা, ইসলামী ব্যাংক গাংনী শাখার ম্যানেজার অপারেশন মোঃ হাসিবুল ইসলাম, গাংনী পৌর আইবিডব্লিউএফ সভাপতি মনিরুল ইসলাম, গাংনী পৌর জামায়াতের আমীর মোঃ আহসানুল হক, বায়তুল মাল ও রাজনৈতিক সেক্রেটারি মোঃ জিল্লুর রহমান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মাওলানা তাজউদ্দিন খান বলেন সততার মাধ্যমে আমাদের সকলকে ব্যবসা বাণিজ্য পরিচালনা করতে হবে এবং সকল পন্য বিক্রয়ের ক্ষেত্রে সঠিক ভাল পন্য উল্লেখ করতে হবে। আল্লাহ তাআলা রিজিকের ৯০ ভাগ ব্যবসার মাধ্যমে আসে তাই আমাদের সৎ সকল ব্যবসায়ীকে সৎ ও নির্ভীক হতে হবে। রাসুল বলেছেন ব্যবসিক রা নবী- রাসূল ও শহীদদের সাথে জান্নাতে থাকবেন সেজন্য আমাদেরকে সততার সাথে ব্যবসা করতে হবে।

ঝিনাইদহে বয়স ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত

ঝিনাইদহে ক্রীড়া পরিদপ্তরের বার্ষিক ক্রীড়া কর্মসূচি ২০২৪-২৫ এর আওতায় জেলা ক্রীড়া অফিসের আয়োজনে বয়স ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

আজ মঙ্গলবার সকালে ঝিনাইদহ বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান স্টেডিয়ামে এ প্রতিযোগিতার ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। উক্ত খেলায় নবগঙ্গা দল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন হওয়ার গৌরভ অর্জন করে।

পুরস্কার বিতরণী অনুষ্ঠানে জেলা ক্রীড়া অফিসার মিজানুর রহমানের

সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত) সজল কুমার দাস।

সেসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক গোলক মজুমদার, জেলা কালচারাল অফিসার জসিম উদ্দিনসহ বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা। এছাড়াও ক্রীড়া সংশ্লিষ্ট বিভিন্ন ব্যক্তিবর্গ প্রতিযোগিতার ফাইনাল খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

টুর্নামেন্টটি পরিচালনার দায়িত্বে ছিলেন ঝিনাইদহ ক্রিকেটার্স ওয়েলফেয়ার এসোসিয়েশন অব বাংলাদেশ (কোয়াব)।

উল্লেখ্য, গত ০৮ নভেম্বর বয়স ভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার খেলা শুরু হয়। এতে ঝিনাইদহ জেলার অনূর্ধ্ব-১৪, ১৬ ও ১৮ বছর বয়সী খেলোয়াড়বৃন্দ যথাক্রমে পদ্মা, মেঘনা, যমুনা ও নবগঙ্গা ৪টি দলে বিভক্ত হয়ে এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল।

দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত

দামুড়হুদায় মহান বিজয় দিবস উপলক্ষে বিএনপির বিজয় মিছিল অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১১ টার সময় দামুড়হুদা উপজেলা বিএনপি সহ অঙ্গসংগঠন ও সহযোগী অঙ্গসংগঠনের আয়জনে এক বর্নাঢ্য বিজয় মিছিল অনুষ্ঠিত হয়।

এসময় বিএনপির বিজয় মিছিলে উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা বিএনপির সভাপতি মনিরুজ্জামান মনির, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, যুগ্ম সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাসেম, সদর বিএনপির সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক আনছার আলী, দামুড়হুদা উপজেলা স্বেচ্ছাসেবক দলের আহবায়ক একরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, যুগ্ম আহবায়ক রকিবুল হাসান তোতা,

উপজেলা যুবদলের আহবায়ক মাহবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহবায়ক আরিফুল ইসলাম আরিফ, জনি, উপজেলা ছাত্র দলের আহবায়ক আফজালুর রহমান সবুজ, সিনিয়র যুগ্ন আহবায়ক ইনজামামুল হক সহ উপজেলার বিভিন্ন ইউনিয়ন থেকে আগত বিএনপি ও তার সহযোগী অঙ্গ সংগঠনের অসহযোগ অঙ্গ সংগঠনের অসংখ্য নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

কুষ্টিয়ার হালসা আদর্শ ডিগ্রি কলেজে শিক্ষার মান উন্নয়ন শীর্ষক সেমিনার অনুষ্ঠিত

বিএনপি জাতীয় নির্বাহী কমিটির সদস্য ও মিরপুর উপজেলার হালসা আদর্শ ডিগ্রি কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি ব্যারিষ্টার রাগীব রউফ চৌধুরী বলেছেন, দেশ, জাতি ও সমাজের সার্বিক উন্নয়নে, শিক্ষার গুণগত মান নিশ্চিত করা জরুরি। তবে শিক্ষার গুণগত মানের উন্নয়ন হঠাৎ করে নিশ্চিত করা যাবে না, মানসম্মত শিক্ষার পরিবেশ তৈরির জন্য শিক্ষার্থী, শিক্ষক, অভিভাবকসহ শিক্ষার সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে এগিয়ে আসতে হবে। তবেই আমরা এগিয়ে যেতে পারব ও শতভাগ শিক্ষার মান নিশ্চিত হবে।

আজ শনিবার সকালে কুষ্টিয়ার মিরপুর উপজেলার হালসা আদর্শ ডিগ্রি কলেজ পরিচালনা পর্ষদের উদ্যোগে শিক্ষার মান উন্নয়ন শীর্ষক সেমিনারে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

তিনি বলেন, শিক্ষার গুণগতমান যদি ঠিক থাকে, তাহলে সেই শিক্ষাকে যথাযথভাবে কাজে লাগিয়ে শিক্ষিত জনগোষ্ঠী নিজেদের কর্মসংস্থান সৃষ্টি করে নিতে পারবে। তাই শিক্ষিত হয়ে এ সমাজ তথা দেশের উন্নয়নে নিজেকে সম্পৃক্ত করতে হবে।

তিনি বলেন, একটা শিক্ষা প্রতিষ্ঠানের জন্য জমি দান করে এবং শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলার ক্ষেত্রে যাদের অবদান ছিল তাদের নাম হয়তোবা বর্তমানে অনেকেই জানে না এমনকি সেসব শিক্ষা

প্রতিষ্ঠানও কতৃপক্ষও মনে করেন না। এটা শুধু এই মিরপুরে নয় গোটা দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানেরও ঘটনা। সেক্ষেত্রে কোন আয়োজন বা অনুষ্ঠান করলেই জমিদাতাদের ডাকা উচিত বলেও মনে করেন তিনি।

অনেক শিক্ষা প্রতিষ্ঠানে শিক্ষার মান উন্নয়ন না ঘটিয়ে নিয়োগ বানিজ্য মেতে ওঠে উল্লেখ করে তিনি আরও বলেন, অর্থের বিনিময়ে অযোগ্যদের নিয়োগ দিলে শিক্ষা এবং শিক্ষা প্রতিষ্ঠান দীর্ঘ মেয়াদি ক্ষতিগ্রস্ত হয় তাই
আমি মনে করি এসব নিয়োগ বানিজ্য বন্ধ হওয়া উচিত।

হালসা আদর্শ ডিগ্রি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ অধ্যাপক আবদুল মজিদের সভাপতিত্বে এবং অধ্যাপক আব্দুল আজিজের সঞ্চালনায় বক্তব্য রাখেন কলেজের সহযোগী অধ্যাপক হেলাল উদ্দিন, শিক্ষক প্রতিনিধি অধ্যাপক জোমারত আলী, স্বেচ্ছাসেবকদলের নেতা বকুল আলী, অভিভাবক সদস্য ও বর্তমান এবং প্রাক্তন শিক্ষার্থীবৃন্দ।

এসময় কলেজের শিক্ষক শিক্ষার্থী, অভিভাবক ও স্থানীয় বিএনপি নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

দর্শনায় শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফুটবল টুনার্মেন্ট ফাইনাল খেলা অনুষ্ঠিত

দর্শনা রামনগর মাথাভাঙ্গা যুব সংঘের উদ্যোগে শহীদ আবু সাঈদ ও মীর মুগ্ধ স্মৃতি ফটবল টুনার্মেন্ট ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়েছে।

আজ শুক্রবার পাবনা আযূব খান স্মৃতি সংঘকে ১-০ গোলে পরাজিত করে চ্যাম্পিয়ান হয়েছে দর্শনা বয়েজ ক্লাব। দ্বিতীয় পর্বের খেলায় পাবনা আয়ুব স্মৃতি সংঘকে দর্শনা বয়েজ ক্লাব ফুটবল একাদশের ১১ নং

দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন,দর্শনা পৌর বিএনপির যুবদলের সদস্য সচিব রফিকুল হাসান, সাবেক থানা বিএনপির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা রেজাউল করিম। মদনা পারকৃষ্ণপুর ইউনিয়ন বিএনপির সভাপতি জসিম উদ্দিন। এছাড়া আরো উপস্থিত ছিলেন, নাসির উদ্দিন খেদু, জালার উদ্দিন লিটন ও রেজাউল ইসলাম।

খেলায় হাজার হাজার দর্শক মাঠের চারপাশের গ্যালারীতে ছিলো পরিপূর্ণ উপচে পড়া ভীড় ও মাঠ ভর্তি দর্শক ছিলো চোখে পড়ার মত। সমগ্র ফুটবল খেলার ধারা ভাষ্য দেন হাসান গাজী, সবুজ হোসেন ও শামীম আহম্মেদ। অনুষ্ঠান পরিচালনা করেন জাহান আলী ও মোরশেদ লিংকন। সার্বিক তত্তাবধায়নে ছিলেন রামাযুষের সাধারণ সম্পাদক লুৎফর রহমান।

মুজিবনগরে যব সংঘের মতবিনিময় ও আলোচনা সভা অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে সামাজিক উন্নয়ন মূলক কাজ করার লক্ষে মত বিনিময় করেছে যুব সংঘের সদস্যরা। আজ শুক্রবার বিকালে মুজিবনগর কমপ্লেক্স পর্যটন মোটেলে এ সভা অনুষ্ঠিত হয়।

উক্ত সভায় হাবিবুর রহমান(বিকু)’র সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সিরাজুল ইসলাম।
বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কাজী খয়রদ্দীন, মুন্সী ওমর ফারুক প্রিন্স, শহিদুল ইসলাম ও আব্দুর সবুর।

ইমরান হোসেনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জাহাঙ্গীর আলম, বায়েজিদ মোল্লা, জুলফিকার আলী, মনা, আল মামুন, আব্দুর রশিদ (আসলাম), আনোয়ার হোসেন, রিপন আলী, আসলাম আলী প্রমুখ।

এ সময় প্রধান অতিথি বলেন, এই যুব সংঘ হলো একটি সামাজিক মূলক সংগঠন। মুজিবনগর উপজেলাকে মাদক মুক্ত করতে যুব সংঘকে এগিয়ে আসতে হবে। এছাড়া সামাজিক অবক্ষয় থেকে রক্ষা করা, অসহায়- দরিদ্র শ্রেনীর মানুষকে স্বাবলম্বী করে গড়ে তোলাসহ বিভিন্ন ধরনের

সামাজিক উন্নয়ন মূলক কাজ করতে এই সংগঠনকে নিরলস ভাবে কাজ করে যেতে হবে।

এ সময় যুব সংঘের অন্যান্য সদস্যরা উপস্থিত ছিলেন।